দৈনিক বাংলা

তারিখ ... ১১।১।৮৬ ... ...
পৃষ্ঠা ... ... ১ কলাম ৪ ... ...

# এসএসসিতে ১০টি বিষয়ে নতুন বই ঃ পাঁচটিই পান্ডুলিপি পর্যায়ে

(স্টাফ রিপোর্টার)

চলতি সেসন থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট কোর্সে ১০টি বিষয়ে পুরানো বইয়ের স্থলে নতুন বই চালু করা হচ্ছে।

এই দশটি বিষয়ের মধ্যে ইতিহাস, ইসলামিয়াত, হিন্দু ধর্ম, বৌদ্ধ ধর্ম এবং গার্হস্থ্য বিজ্ঞানের বই ছাপার কাজ চলছে। কিন্তু, ঐচ্ছিক গণিতসহ পাঁচটি বিষয়ের বই এখনো পান্ডুলিপি পর্যায়ে রয়ে গেছে।

জানা গেছে, বাংলাদেশ স্কুল টেক্সট বুক বোর্ডের তত্ত্বাবধানে নতুন আঙ্গিকে ইতিহাস বই লেখা হয়েছে। এদেশে মুসলিম সংস্কৃতির বিকাশ এবং দেশের মাটি ও মানুষের জীবনে ইসলামী আদর্শের প্রতিফলন সম্পর্কেও ইতিহাস বইতে আলোচনা রাখা হয়েছে।

ঐচ্ছিক বিষয়গুলোও উচ্চতর শিক্ষার উপযোগী করে ঢেলে সাজানো হয়েছে।

জানা গেছে, জরুরী ভিত্তিতে ছাপাখানায় দেড় লক্ষ ইতিহাস বই, ১৩ হাজার গার্হস্থ্য বিজ্ঞান এবং প্রায় দুই লক্ষ ইসলামিয়াত বই ছাপা হচ্ছে। প্রকাশকদের মাধ্যমে

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## নতুন বই

(১ম পৃঃ পর)

দেয়ায় এগুলো অগ্রাধিকার ভিত্তিতে ছাপার চেষ্টা চালানো হচ্ছে।

ঐচ্ছিক বিষয়গুলোর মধ্যে উচ্চতর ইংরাজী, উচ্চতর বাংলা, উচ্চতর গণিত ললিতকলা ও শারীরিক শিক্ষার পান্ডুলিপি এখনো পরীক্ষাধীন রয়েছে। কেবলমাত্র হিন্দুধর্ম ও বৌদ্ধধর্মের বইয়ের কপি প্রেসে পাঠানো হয়েছে। প্রকাশ, ঐচ্ছিক গণিত বইয়ের পান্ডুলিপি তৈরীর যাবতীয় দায়িত্ব গণিত সমিতি গ্রহণ করেছে। সাম্প্রতিক বিশ্বের আধুনিক গণিতের সঙ্গে সমন্বয় রেখে এই বছরের পান্ডুলিপি তৈরী হয়েছে। বর্তমানে মূল পান্ডুলিপি পরীক্ষার কাজ চলছে। প্রকাশকদের ধারণা জরুরীভাবে ছাপা হলেও ঐচ্ছিক গণিতের বই বের হতে মার্চ মাস লেগে যাবে।

জানা গেছে, এ বছর সিলেবাসের বাইরে প্রকাশকদের ইংরাজী গ্রামার ট্রান্সলেশন এবং কমপজিশন, আরবী এবং সংস্কৃত বই ছাপার অনুমতি দেয়া হয়েছে।